



নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: Pecs @dhaka.net

ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৩৬০২, ৮১১৩৬০৩, ৮১১৩৬০৪-৭

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৪১১

তারিখঃ ১৪/৫/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

খসড়া ভোটার তালিকা প্রদর্শন :

আগামী ২১ মে ২০০৬ তারিখ পর্যন্ত ইতোমধ্যে প্রকাশিত খসড়া ভোটার তালিকার সংশোধন, অন্তর্ভুক্তি ও কর্তনের কার্যক্রম চলবে।


খসড়া ভোটার তালিকা প্রকাশের পর তা জনসাধারণের প্রদর্শনের সুবিধার্থে জেলা নির্বাচন অফিস, সহকারী রেজিস্ট্রেশন অফিসারের অফিস এবং ভোটার এলাকার জন পরিচিতি সম্পন্ন স্থানে সংশ্লিষ্ট এলাকার তালিকা রাখা হয়েছে। (জন পরিচিতি সম্পন্ন স্থান বলতে - ইউনিয়ন পরিষদ অফিস, পৌরসভা অফিস, সিটি কর্পোরেশন সমূহের ওয়ার্ড কমিশনারের অফিস, সংশ্লিষ্ট এলাকার ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত প্রাইমারী স্কুল, হাই স্কুল, কলেজ, মাদ্রাসা এবং কোন সরকারী গৃহ কিংবা অন্যকোন সুবিধাজনক স্থান বুঝাবে)।

খসড়া ভোটার তালিকায় কোন তথ্যে ভুল থাকলে, কারো নাম বাদ পড়লে, কারো নাম একাধিকবার অন্তর্ভুক্ত হলে বা ভোটার হওয়ার অযোগ্য কারো নাম অন্তর্ভুক্ত হলে তা সংশোধন, অন্তর্ভুক্ত বা কর্তনের জন্য রিভাইজিং অথরিটি বরাবর আবেদন করতে হবে।

নির্ধারিত ফরমে আগামী ২১ মে ২০০৬ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট রিভাইজিং অথরিটি বরাবর আবেদন করা যাবে। নির্ধারিত ফরম সংশ্লিষ্ট এলাকার জেলা নির্বাচন অফিস, উপজেলা/থানা নির্বাচন অফিস ও সহকারী রেজিস্ট্রেশন অফিসারের অফিসে বিনামূল্যে পাওয়া যাবে। ফরম পূরণের পর তা রিভাইজিং অথরিটির অফিস, জেলা নির্বাচন অফিস, উপজেলা/থানা নির্বাচন অফিস ও সহকারী রেজিস্ট্রেশন অফিসারের অফিসে জমা দেয়া যাবে।

সারাদেশে উপজেলা নির্বাহী অফিসারগণকে তাদের স্ব-স্ব এলাকার জন্য, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী মহানগরী এলাকায় উপ নির্বাচন কমিশনার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসকদের নির্ধারিত এলাকার জন্য এবং ক্যান্টনমেন্ট বোর্ড এলাকা সমূহের সংশ্লিষ্ট ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারগণকে স্ব-স্ব এলাকার জন্য রিভাইজিং অথরিটি নিয়োগ করা হয়েছে।

ভোটার তালিকার বিষয়ে যে কোন ধরনের তথ্য জানার জন্য সংশ্লিষ্ট এলাকার জেলা নির্বাচন অফিসার, উপজেলা/থানা নির্বাচন অফিসে যোগাযোগ করতে পারেন। এছাড়া নির্বাচন কমিশন সচিবালয়ের কন্ট্রোল রুমেরও যোগাযোগ করতে পারেন। কন্ট্রোল রুমের ফোন নম্বরঃ ৮১২৯৩২৫, ৯১২৯০৩৩।


১৪.৫.০৬
(এস এম আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)
ফোন : ৮১১৪১৭৬
বাসা : ৮০৫৩৪৭৬